

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫২

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৩২, ইলম ও আলিমের মর্যাদা

بَابٌ فِي فَضْلِ الْعِلْم وَالْعَالِم

আরবী

أَخْبَرَنَا أَبُو الْمُغِيرَةِ، حَدَّثَنَا الْأَوْزَاعِيُّ، عَنِ الْحَسَنِ، قَالَ: سُئِلَ رَسُولُ اللَّهِ صلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ رَجُلَيْنِ كَانَا فِي بَنِي إِسْرَائِيلَ أَحَدُهُمَا كَانَ عَالِمًا يُصلِّي الْمَكْتُوبَة، ثُمَّ يَجْلِسُ فَيُعَلِّمُ النَّاسَ الْخَيْرَ، وَالْآخَرُ يَصُومُ النَّهَارَ وَيَقُومُ اللَّيْلَ أَيُّهُمَا أَفْضَلُ ؟ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: فَضْلُ هَذَا الْعَالِمِ الَّذِي يُصلِّي الْمَكْتُوبَة ثُمَّ يَجْلِسُ فَيُعَلِّمُ النَّاسَ الْخَيْرَ، عَلَى الْعَابِدِ الَّذِي يَصنُومُ النَّهَارَ، وَيَقُومُ اللَّيْلَ، كَفَضْلِي عَلَى أَدْنَاكُمْ رَجُلًا الْخَيْرَ، عَلَى الْعَابِدِ الَّذِي يَصنُومُ النَّهَارَ، وَيَقُومُ اللَّيْلَ، كَفَضْلِي عَلَى أَدْنَاكُمْ رَجُلًا

رجاله ثقات غير أنه منقطع: ما عرفنا للأوزاعي رواية عن الحسن وهو مرسل أيضا

বাংলা

৩৫২. আওযাঈ হাসান হতে বর্ণনা করেন, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লামকে বনী ইসরাঈলের এমন দু' ব্যক্তি সম্পর্কে জিজ্ঞাসা করা হলো, যাদের একজন ছিলেন আলিম। তিনি ফরয সালাত আদায়ের পরেই লোকদেরকে কল্যাণকর বিষয় শিক্ষা দেওয়ার জন্য বসতেন। অপরজন দিনে সিয়াম পালন করতেন এবং রাতে কিয়াম করতেন (সালাত আদায় করতেন)। (তাঁকে জিজ্ঞেস করা হলো) এদের দু'জনের মধ্যে কোন্ ব্যক্তি উত্তম? রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম বললেন: "যিনি ফরয সালাত আদায়ের পরেই লোকদেরকে কল্যাণকর বিষয় শিক্ষা দেওয়ার জন্য বসতেন, সেই আলিম ব্যক্তিটি দিনে সিয়াম পালনকারী এবং রাতে কিয়ামকারী সেই আবিদ (ইবাদতগুজার)-এর উপর ঠিক তেমনই মর্যাদাবান যেমন তোমাদের মধ্যকার সাধারণ কোনো ব্যক্তির উপরে আমার মর্যাদা।[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর রাবীগণ নির্ভরযোগ্য তবে এ সনদটি বিচ্ছিন্ন (মুনকাতি')। হাসান থেকে আওযাঈ'র কোনো



রিওয়ায়েতের কথা আমরা জানতে পারিনি।

তাখরীজ: এ ব্যতীত আমি অন্য কোথাও এটি পাইনি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন